

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীকে আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক অনলাইনের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। আবেদন ফরম পূরণ ও জমাদান: আগ্রহী পরীক্ষার্থীকে আগামী ০৪/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) এ প্রবেশ করে Apply to online form Fillup ক্লিক করার পর নিজ রেজিস্ট্রেশন নম্বর, বিষয়/পত্র কোডসহ চাহিত তথ্যাদি সঠিকভাবে এন্ট্রি দিয়ে Submit করার পর প্রিন্টকপি সংগ্রহ করতে হবে। সকল প্রকার পরীক্ষার্থীকে আবেদন ফরম ও Payslip আগামী ০১/০৭/২০২৪ হতে ০৪/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে।

২। ফি জমাদানের পদ্ধতি: সকল প্রকার পরীক্ষার্থীকে আগামী ০৪/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে **User Name: rangamatistudent** এবং **Password: rangamatistudent** ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করতে হবে। তারপর Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ 2019-2020, Class Roll/Admission Roll -এ নিজ রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে। Sonali Payment Gateway ব্যবহার করে যেকোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সর্বশেষ Receipts Print ক্লিক করার পর আবার Registration No এন্ট্রি দিয়ে Payslip প্রিন্ট নিতে পারবে।

৩। অংশগ্রহণের যোগ্যতা:

(ক) নিয়মিত: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২০ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ Promoted হয়েছে তারা এ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

(খ) অনিয়মিত/অকৃতকার্য: ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করবে। তাদেরকে “ইংরেজি” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়সমূহের ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে কোন প্রদ্র/কোর্সে “F” গ্রেড পেয়েছে তারা “F” গ্রেডপ্রাপ্ত পত্র/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করবে। ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০২১ সালের ৩য় বর্ষ ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য হয়েছে তার শেষবারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।


(গ) মানোন্নয়ন: যেসকল শিক্ষার্থী ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে CGPA 2.25 বা এর কম পেয়েছে তারা সর্বোচ্চ দুটি কোর্সে (C বা D গ্রেড প্রাপ্ত) মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

(ঘ) সার্টিফিকেট কোর্স: ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ শিক্ষাবর্ষে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে। এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষা দিবে।


৪। ফি বিবরণী:

বিভাগ	প্রকার	পত্র সংখ্যা	জাতীয় বিশ্ববিদ্যালয় খাত (ক)	কলেজ খাত (খ)	সর্বমোট (ক+খ)
বিএ/বিএসএস/বিবিএস	নিয়মিত/প্রাইভেট	৭ পত্র	১৬০০	৫০০	২,১০০/-
	অনিয়মিত (পূর্বে ফরম পূরণ করেনি)	৭ পত্র	১৯০০	৫০০	২,৪০০/-
	অকৃতকার্য	৭ পত্র	১০০০	৫০০	১,৫০০/-
	মানোন্নয়ন	১ পত্র	৪০০	৫০০	৯০০/-
বিএসসি	নিয়মিত	৭ পত্র	২০৫০	৯৫০	৩,০০০/-
	অনিয়মিত (পূর্বে ফরম পূরণ করেনি)	৭ পত্র	২৩৫০	৯৫০	৩,৩০০/-
	অকৃতকার্য	৭ পত্র	১৪৫০	৯৫০	২,৪০০/-
	মানোন্নয়ন	১ পত্র (ব্যবঃ ছাড়া)	৪০০	৫০০	৯০০/-
		১ পত্র	৫৫০	৬৫০	১,২০০/-
	২ পত্র	৮০০	৮০০	১,৬০০/-	
	সার্টিফিকেট কোর্স	২ পত্র	৭০০	৫০০	১,২০০/-

*** Conditional Promoted পরীক্ষার্থীর ক্ষেত্রে ১০০০/- (নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি/প্রতি পরীক্ষার্থী)


অধ্যক্ষ

রাজমাটি সরকারি কলেজ
রাজমাটি পার্বত্য জেলা



বিতরণ:

- উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাজমাটি;
- আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২ কমিটি, অত্র কলেজ, রাজমাটি। তাঁকে আগামী ০৫/০৭/২০২৪ তারিখের মধ্যে প্রশ্নপত্র চাহিদা কলেজ অফিসে জমাদানের জন্য অনুরোধ করা হলো;
- হিসাব সহকারী, অত্র কলেজ, রাজমাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাজমাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- সংরক্ষণ নথি।